No. of Printed Pages : 11

**B20-BN**

**Subject Code : 02**

125090

**2020**

# BENGALI

(Modern Indian Language)

*Full Marks* : 100
*Pass Marks* : 30

Time : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions.*

পরীক্ষার্থীরা 'ক' বিভাগ ও 'খ' বিভাগ

**অথবা**

'ক' বিভাগ ও 'গ' বিভাগের উত্তর একই খাতায় লিখবে।

## GROUP - A

## বিভাগ - ক

(মূল্যাঙ্ক : ৭৫)

১. অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১x৭=৭

(ক) ''তারা ওর চির-অসমাপ্ত গলা'' - এখানে 'তারা' বলতে কাদের কথা বলা হয়েছে?

(খ) কোন্ স্বপ্ন চোখে নিয়ে অরুণিমা সিন্‌হা বাচেন্দ্রী পালের সঙ্গে দেখা করেছিলো?

(গ) ''তোমাদের এক বেরাদর ইরান দেশের খাঁচায় বন্ধ হয়ে দিন কাটাচ্ছে।'' – 'বেরাদর' শব্দের অর্থ কী?

(ঘ) জয়রাম মুখোপাধ্যায়ের বড় নাতনী কল্যাণীর বিবাহের জন্য সর্বমোট কত টাকার প্রয়োজন ছিলো?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :

''দুর্গে __________ বাজে, ক্ষান্ত দিয়া কর্মকাজে

বিশ্রাম করিছে পুরবাসী।''

(চ) 'গিরীশের রাণী' বলতে যাঁকে বোঝানো হয়েছে, তাঁর নাম লেখো।

(ছ) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি সন্ধ্যার বাতাসে কার ওড়ার কথা বলেছেন?

২. সংক্ষিপ্ত উত্তর দাও : ২x৭=১৪

(ক) ''ভৈরবী প্রেরিতোহসি,'' – বক্তা কে? কাকে উদ্দেশ্য করে সে একথা বলেছে?

(খ) শিখ-ইতিহাসের গৌরব দুজন মহান শিখ ব্যক্তির নাম উল্লেখ করো।

(গ) অরুণিমা সিন্‌হা ভারতবর্ষের দু'জন রাষ্ট্রপতির কাছ থেকে সম্মান তথা পুরস্কার লাভ করেছিলো, – সেই দু'জন রাষ্ট্রপতির নাম কী?

(ঘ) কম্পিউটার নামক আধুনিক বৈদ্যুতিন মাধ্যমটির সঙ্গে বাংলা ভাষাকে সামিল করতে যাঁরা অগ্রণী ভূমিকায় ছিলেন, তাঁদের দুজনের নাম উল্লেখ করো।

(ঙ) 'প্রার্থনা' কবিতায় কবি মানবজীবনের বিশেষ যে দুটি বয়সকালের উল্লেখ করেছেন, সেগুলি কী কী?

(চ) ''যাবার সময় আমি তোর সঙ্গে দেখাও করলাম না – সে কি তোকে অনাদর করে ? না মা, তা নয়।'' – বক্তা কে ? কার উদ্দেশ্যে তিনি একথা বলেছেন ?

(ছ) ভাইরাসের দ্বারা কম্পিউটারের যে ক্ষতিগুলি হয়, তার মধ্যে দুটির উল্লেখ করো।

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৩x৩=৯

(ক) 'গ্রাম্য ছবি' কবিতায় কবি গ্রামের গৃহটির যে শান্তিপূর্ণ **সুমধুর** ছবি অঙ্কন করেছেন, তা সংক্ষেপে বর্ণনা করো।

**অথবা**

'প্রার্থনা' কবিতায় বর্ণিত কবির ব্যাকুল প্রার্থনার কারণগুলি লেখো।

(খ) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি বাংলাদেশের যে তিনটি নদীর কথা উল্লেখ করেছেন, তাদের নাম লেখো।

**অথবা**

''নয়নের মণি মোর নয়ন হারাবে'' – বক্তা কে ? তিনি কেন একথা বলেছেন, সংক্ষেপে লেখো।

(গ) ''রাজ্য যদি মোরে দেবে কী কাজে লাগিবে এবে –

কোন গুণ আছে তব গুণী ?'' –

বক্তা কে ? তিনি কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন ? তাঁর একথা বলার কারণ কী ?

**অথবা**

'গ্রাম্য ছবি' কবিতায় অঙ্কিত পুকুরের ছবিটি তোমার লেখার মাধ্যমে ফুটিয়ে তোলো।

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪x২=৮

(ক) 'বিজয়া দশমী' কবিতাটির নিহিতার্থ ব্যাখ্যা করো।

**অথবা**

'আবার আসিব ফিরে' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) অরুণিমা সিন্‌হাকে কেন ''আত্মবিশ্বাস ও সাহসের অন্য এক নাম'' বলা হয়েছে, তা আলোচনা করো।

**অথবা**

ইরান দেশের সওদাগরের তোতাটিকে কে মুক্তির উপায় বলে দিয়েছিলো ? কীরূপে সে তোতাটির মুক্তির উপায় জানিয়েছিলো, সেই ঘটনাটি বিবৃত করো।

৫. নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও : ৫x১=৫

'বলাই' গল্পে বলাইয়ের সঙ্গীরা তাকে খ্যাপাবার জন্য কী কী করতো, তা বর্ণনা করো।

**অথবা**

''সৈকত ভূমে অস্পষ্ট সন্ধ্যালোকে দাঁড়াইয়া অপূর্ব রমণী মূর্ত্তি!'' – এই রমণী মূর্ত্তিটি কে? তোমার পঠিত অংশে তার রূপের যে বর্ণনা আছে, তা নিজের ভাষায় লেখো।

৬. নির্দেশ অনুসারে উত্তর দাও :

(ক) নিম্নলিখিত জটিল বাক্যটিকে সরলবাক্যে পরিণত করো : ১

''যে ব্যক্তি পরের উপকার করে সে কখনও প্রতিদান প্রত্যাশা করে না।''

(খ) নিম্নলিখিত শব্দগুলির মূল প্রকৃতি ও প্রত্যয় নির্দেশ করে প্রত্যয় নির্ণয় করো : ১x২=২

যাচাই ; কাঁসারি।

(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো **(যে কোনো দুইটি) :** ১x২=২

চন্দ্রচূড় ; জ্ঞানবৃক্ষ ; অনিত্য ।

(ঘ) এককথায় প্রকাশ করো **(যে কোনো দুইটি) :** ১x২=২

ময়ূরের ডাক ; উপস্থিত বুদ্ধি আছে যার ; দিতির পুত্র।

(ঙ) নিম্নলিখিত শব্দগুলির ণ-ত্ব এবং ষ-ত্ব বিধি নির্ণয় করো **(যে কোনো দুইটি) :** ১x২=২

উত্তরায়ণ ; দুর্বিষহ ; ভাষণ।

(চ) বিরামচিহ্ন বসাও : ১

এ আলোক ভৌতিক হইতেও পারে কিন্তু শঙ্কায় নিরস্ত থাকিলেই কোন্ জীবন রক্ষা হয় এই ভাবিয়া নির্ভীকচিত্তে আলোক লক্ষ্য করিয়া চলিলেন

৭. ভাবসম্প্রসারণ করো : ৪

"শুধু হাত দিয়ে সেবা নয়, নাহি সেবে যদি প্রাণ।"

**অথবা**

যে অঞ্চলে তুমি বাস করো, সেখানে স্বাস্থ্যকেন্দ্রের অভাবে মানুষের দুর্গতির কথা জানিয়ে সংবাদপত্রের মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে তোমাদের অঞ্চলে একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য একখানি আবেদন পত্র প্রস্তুত করো।

৮. **যে কোনো একটি** বিষয়ে রচনা প্রস্তুত করো : ৮

(ক) অধ্যাবসায়

[ সংকেত সূত্র : ভূমিকা – অধ্যাবসায় কী – মানব জীবনে সাফল্য অর্জনে অধ্যাবসায়ের ভূমিকা – অধ্যাবসায়ের অভাব মানব জীবনের বিফলতার কারণ – জাতীয় জীবনের উন্নতিতে অধ্যাবসায়ের গুরুত্ব – উপসংহার]

(খ) পরিবেশ প্রদূষণ ও তার প্রতিকার

[ সংকেত সূত্র : ভূমিকা – পরিবেশ দূষণের কারণ – পরিবেশ দূষণের পরিণাম – পরিবেশ দূষণ প্রতিরোধের উপায় – উপসংহার]

(গ) অসমের জাতীয় উৎসব

[ সংকেত সূত্র : ভূমিকা – অসমের জাতীয় উৎসবের বৈশিষ্ট্য – প্রকৃতির সঙ্গে অসমের জাতীয় উৎসবের অবিচ্ছেদ্য সম্পর্ক – ঋতুভেদে অসমের জাতীয় উৎসবের বৈচিত্র্যময় রূপ এবং জাতীয় জীবনে তার প্রভাব – উপসংহার ]

**দ্রুতপঠন**

**(বৈচিত্র্যপূর্ণ অসম)**

৯. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) তোমার পাঠ্যক্রমের দ্রুতপাঠে সন্নিবিষ্ট অসমের যে কোনো দুটি জনগোষ্ঠীর সংক্ষিপ্ত পরিচয় দাও। **২x২=৪**

(খ) তোমার পাঠ্যক্রমের দ্রুতপাঠে সন্নিবিষ্ট অসমের যে কোনো তিনটি জনগোষ্ঠীর বিশেষভাবে অবদান থাকা এক-একজন ব্যক্তির বিষয়ে সংক্ষেপে লেখো। **২x৩=৬**

## GROUP - B

## বিভাগ - খ

**(মূল্যাঙ্ক : ২৫)**

১০. (ক) অতি সংক্ষিপ্ত উত্তর দাও: ১x৬=৬

(অ) ''মনকে অভিভূত করে ইহার বিশালতায়, রুক্ষতায়।'' - এখানে কার কথা বলা হয়েছে?

(আ) পূর্ণিয়া যাত্রাকালে 'অরণ্য প্রেমিক' :

লবটুলিয়ার কাহিনি'র বক্তার যে সঙ্গী হয়েছিলো, সেই তহসিলদারের নাম কী?

(ই) ''আমি দর্শনে উপনিষদে এর চেয়ে বড় সাম্রাজ্য পেয়েছি।'' - বক্তা কে?

(ঈ) জয়সিংহ কে?

(উ) শূন্যস্থান পূর্ণ করো :

''সেই পথ লক্ষ্য করে স্বীয় __________ ধরে

আমরাও হব বরণীয়।''

(ঊ) পলাশির যুদ্ধে ব্রিটিশ বাহিনীর প্রধান কে ছিলেন ?

১১. **যে কোনো দুটি** প্রশ্নের উত্তর দাও: ৩x২=৬

(ক) পৃথিবীতে যশোলাভের প্রকৃষ্ট উপায় কী?

(খ) ''সহায় সম্পদ বল সকলি ঘুচায় কাল

আয়ু : যেন শৈবালের নীর।''

- উদ্ধৃতাংশটির মর্মার্থ লেখো।

(গ) ''ফেনাইয়া উঠে বঞ্চিত বুকে পুঞ্জিত অভিমান,''

- উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১২. টীকা লেখো **(যে কোনো একটি)** : ২

সরস্বতী কুণ্ডী ; জাহানারা।

১৩. **যে কোনো দুটি** প্রশ্নের উত্তর দাও: ২x২=৪

(ক) 'অরণ্য প্রেমিক : লবটুলিয়ার কাহিনি'-র বক্তার কাছে যুগলপ্রসাদ নিজের কী পরিচয় দিয়েছিলো? যুগলপ্রসাদের কী শখ ছিলো?

(খ) লবটুলিয়ার প্রকৃতি কী ফুল ফুটিয়ে বসন্তের আগমন বার্তা ঘোষণা করে ? সে ফুল দেখতে কেমন?

(গ) ''এ আবর্জনায় তুইও নামিস্ নে। তুই অন্তত পবিত্র থাক।''- বক্তা কে? কাকে একথা বলা হয়েছে?

১৪. নির্দেশ অনুযায়ী উত্তর দাও:

(ক) অশুদ্ধি সংশোধন করো **(যে কোনো একটি)** : ১

গণনা ; নিরোগী।

(খ) **যে কোনো দুইটি** বাগ্‌বিধির অর্থ লিখে বাক্যরচনা করো : ১x২=২

অরণ্য রোদন ; কলুর বলদ ; বালির বাঁধ।

(গ) বিপরীতার্থক শব্দ লেখো **(যে কোনো দুইটি)** : ১x২=২

বন্ধুর ; অপচয় ; আবাহন।

(ঘ) **যে কোনো দুইটি** প্রবাদ-প্রবচনের অর্থ লেখো : ১x২=২

সবুরে মেওয়া ফলে ; অল্পবিদ্যা ভয়ঙ্করী ; বানরের গলায় মুক্তার মালা।

## GROUP - C

## বিভাগ - গ

(মূল্যাঙ্ক : ২৫)

4x2 =8

1. Translate **any two** of the following in your mother language :
নিম্নলিখিত **যে কোনো দুটি** তোমার মাতৃভাষাতে অনুবাদ করো।
   (a) राजन् ! शरणागतः अस्मि ते, परित्रायस्व माम् श्येनात् । अथ श्येनः अपि राज्ञः पुरतः अपतत् । सः अपि – राजन् ! मुञ्च मुञ्च क्षुधातुरस्य मे भक्ष्यम् समर्पयस्व इति प्रोच्चैः अवदत् ।
   (b) अथ वन्दीभूतम् पुरुम् राजानम् पुरतः समानीय आलेकजेण्डारः अपृच्छत् – "त्वया सह कीदृक् व्यवहर्तव्यम्" इति।
   (c) लाचितः मातुलम् विलम्बस्य कारणम् अपृच्छत् । मातुलः अवदत् – "भोः भागिनेय। एते मम मानुषाः अतीव परिश्रान्ताः, क्षणम् विश्रम्य ते पुनः निर्माण कर्म करिष्यन्ति एव" इति।

2. Answer **any one** of the following : 2
নিম্নলিখিত **যে কোনো একটির** উত্তর দাও :
   (a) Where does लक्ष्मी reside and to what extent ?
   লক্ষ্মী কোথায় কিভাবে বাস করে?
   (b) What are the six sources of happiness for a worldly man ?
   জাগতিক মানুষের ছয়টি সুখের উৎস কী কী?

3. Answer **any one** of the following questions : 2
নিম্নলিখিত প্রশ্নগুলোর **যে কোনো একটির** উত্তর দাও :
   (a) "ततः सर्वे पशुभिर्मिलकं कृत्वा स सिंहो विज्ञप्तः"
   - What did the animals say to the lion ? What was the reply given by the lion ?
   পশুগুলো সিংহকে কি বলেছিল? সিংহটি কি উত্তর দিয়েছিল ?
   (b) "स्वामीवृत्तान्तम् कथयित्वा कथम् आत्मत्राणम् न करोषि"
   - Who was the स्वामी ? Which incident is indicated by 'स्वामीवृत्तान्तम्' ?
   স্বামী কে ছিল ? 'স্বামীবৃত্তান্ত' কোন ঘটনাটিকে বুঝিয়েছে ?
   (c) "महावीर ! राजानं प्रति राजोचितव्यवहारः कार्यः।"
   Who is the speaker of this line and to whom it was said ? What does the word 'राजोचितव्यवहार' mean ?
   কে কাকে উক্ত কথাটি বলেছিল ? ''সজোচিতব্যবহার'' শব্দটিকে কি বোঝানো হয়েছে ?

4. Fill in the blanks in the following verse with appropriate words : 3

উপযুক্ত শব্দ দিয়ে নীচের শ্লোকগুলির শূন্যস্থান পূর্ণ করো।

अजरामरवत् __________ विद्यामर्थश्च चिन्तयेत् ।

गृहीत् इव __________ मृत्युना __________ ।।

**OR/অথবা**

__________ वसते लक्ष्मीः तदर्धं __________।

तदर्धं राजसेवायां __________ नैव नैव च।।

5. (a) Derive **any two** of the following words : 1½x2 =3

নিম্নলিখিত **যে কোনো দুটি** পদের ব্যুৎপত্তি লেখো।

(i) मुञ्च

in Q. No. 1 (a)

১ নং (a) প্রশ্নতে "मुञ्च"

(ii) अपतत्

in Q. No. 1 (a)

১ নং (a) প্রশ্নতে "अपतत्"

(iii) अपृच्छत्

in Q. No. 1 (b)

১ নং (b) প্রশ্নতে "अपृच्छत्"

(iv) विश्रम्य

in Q. No. 1 (c)

১ নং (c) প্রশ্নতে "विश्रम्य"

(b) Decline **any two** of the following : 1x2 =2

নিম্নলিখিত **যে কোনো দুটির** শব্দরূপ লেখো।

(i) 'गो' in 4th case-ending plural.

"गो" চতুর্থী বিভক্তির বহুবচনে।

(ii) 'राजन्' in 3rd case-ending singular.

"राजन" তৃতীয়া বিভক্তির একবচনে।

(iii) 'मातृ' in 1st case-ending plural.

"मातृ" প্রথমা বিভক্তির বহুবচনে।

(iv) 'युष्मद्' in 6th case-ending dual.

"युष्मद" ষষ্ঠী বিভক্তির দ্বিবচনে।

(c) Conjugate **any two** of the following : **1x2 =2**

নীচের **যে কোনো দুটির** ধাতুরূপ লেখো।

(i) √अस् + लोट् हि

(ii) √दा + लृट् स्यन्ति

(iii) √नृत् + लङ् अन्

(iv) √पठ् + लट् तस्

(d) Frame adjectives from **any two** of the following : **1½x2 =3**

নীচের **যে কোনো দুটি** বিশেষ্যর থেকে বিশেষণ পদ গঠন করো।

शक्ति; आदि; विष्णु; शरत्

- o 0 o -